গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
সংস্থাপন- ২ শাখা
রেলভবন, ঢাকা।

নং: ৫৪.০১.০০০০.০০৫.২৫.০১৯.১৪-১৫৪;

তারিখ : ০৯ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ।
২৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২১।

সূত্র : ১। রেলপথ মন্ত্রণালয়, প্রশাসন-৫ শাখার পত্র নং-৫৪.০০.০০০০.০০০৭.০৪০.১৮.০২০.১৮-১৮৫; তারিখ ১৭ জুন, ২০২১।
২। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নং-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৭.২১-৬৭; তারিখ ১০ জুন, ২০২১।

উপযুক্ত বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত সূত্রস্থ পত্র দুইটির আলোকলিপি এতৎসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী আপনার অধীনস্থ কর্মকর্তাদের মধ্যে ২০২১ সালের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে অবহিতকরণের জন্য এবং Online এ আবেদন পত্র যথাযথভাবে পূরণপূর্বক দাখিল করার পর আবেদনপত্রের প্রিন্টেড কপি (Hard Copy) আবেদনকারীর এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বাক্ষর ও স্বীলসহ আগামী ০৬ জুলাই, ২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করার প্রয়োজনীয় নির্দেশনা দানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামত।

সিএসটিই (টেলিকম) এর দপ্তর
অতিঃ সিএসটিই (টেলিকম)
ডিএসটিই (টেলিকম) সদর
ডিটি (টেলিকম)
ডিটি (সিপঃ), এডি, সাইটি)
এসএই/হাডওয়্যার, কেলোরেল
ডাইরী নং ... তারিখঃ ... সময় ...

23.06.21

(মো: মিহরাবুর রশিদ খাঁন)
উপ-পরিচালক/ই-২
রেলভবন, ঢাকা।

প্রাপক:
১। অতিরিক্ত মহাপরিচালক (আই, আরএস, এমএন্ডসিপি, অপা:), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
৩। রেক্টর/আরটিএ, বাংলাদেশ রেলওয়ে, হালিশহর, চট্টগ্রাম।
৪। সিসিএস/পাহাড়তলী, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৫। সিইএক্স/কেলোকা, বাংলাদেশ রেলওয়ে, পার্বতীপুর।
৬। ডিআরএম, বাংলাদেশ রেলওয়ে (ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট)।
৭। বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):
মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

উপ পরিচালক/ই-২
ডাইরী নং.... ১৪২ / তারিখ ২১/৬/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন- ৫ শাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.৩০৭.০৪০.১৮.০২০.১৮-১৮৫

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২১

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পত্র নং- ৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৭.২১-৬৭, তারিখ: ১০.০৬.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

২। উক্ত পত্রে উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ২ প্রস্থ (হার্ড কপি) **০৮ জুলাই ২০২১ তারিখের (বৃহস্পতিবার) মধ্যে আবশ্যিকভাবে অত্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

সংযুক্তি: বর্ণনামতে

মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন
- ☐ ডিডি (আই, আরএস, অপা:, এমএন্ডসিসি, অর্থ)
- ☐ জিএম (পূর্ব, পশ্চিম, রিফর্ম, টঙ্গী-ভৈরব, ঢাকা-চট্টগ্রাম)
- ☐ জিএম (আখাউড়া-লাকসাম, খুলনা-মংলা)
- ☐ পিডি (পদ্মা রেল সংযোগ, বঙ্গবন্ধু রেল সেতু)
- ☐ পিডি (দোহা-কক্স, ২য় ভৈরব ও ২য় তিতাস, সিগনাল)
- ☐ সিএসটিই (টেলিকম), সিপিএলও
- ☐ পিডি (৩য় ও ৪র্থ লাইন, আখাউড়া-আগরতলা)
- ☐ সিএসই (৭০ লোকো, ডেভ, প্রকল্প)
- ☐ পরিচালক (সংস্থাপন, পিআর), পিএস, পিএ
- ☐ .....

নং
তারিখ ১৭/০৬/২১
স্বাক্ষর

(সুরাইয়া আখতার জাহান)
উপসচিব
☎ +৮৮০২৪৭১২৪৩১৩
admin5@mor.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

পরিচালক (সংস্থাপন) দপ্তর	
উপ-পরিঃ (ই-১), (ই-২), (ই-৩)	
উপ-পরিঃ (প্রশাসন)/পিএ	
ডাইরী নং- ৪৩৬ তারিখ ২০.০৬.২১	

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা *(বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)*
৩। বিভাগীয় সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা *(বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)*
৪। অফিস কপি

রেলপথ মন্ত্রণালয়
(প্রশাসন)-১ / ২
চেব (প্রশাসন)-১/২/৩/৪/৫/৬
স সচিব (প্রশা.)-১/২/৩/৪/৫/৬
হসাব রক্ষণ কর্ম-কর্তা
ডায়েরী নং- ৪৭৫
তারিখঃ ২৭/০৬/২১ ২৭/০৬/২১
স্বাক্ষরঃ

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

সচিবের দপ্তর
রেলপথ মন্ত্রণালয়
কেবিনেট (সচিব / অ্যা/উয়া/লাওেট/আইন/অডিট)
যুগ্মসচিব (প্রশাঃ/উয়াঃ/ভচি/আইন/অডিট)
কাউন্সিল অফিসার ২২৫৪ তারিখঃ ২৮/০৬/২০২১
ডায়েরী নং- ২৬/৬/২১
শাখা

বিষয়ঃ অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২১ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন- ক্যাডার [নির্বাচনকমিশন সচিবালয় ও মহা পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও এ অন্য বিষয়ের বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ট্রেইনিঃ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি, অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/ অকারিগরি] কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২১ এর বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এ পরীক্ষা, জুলাই-২০২১ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ১৩ জুন, ২০২১ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ০৪ জুলাই, ২০২১ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র [সফট কপি] পূর্ণভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড ১ কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৮ জুলাই, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

বিশেষ দ্রষ্টব্যঃ যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/ প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল সম্বলিত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. উপরিউক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২১ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪. উল্লেখ্য, কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র [কারণ যাই হোক] বিবেচনা করা হবে না এবং প্রবেশপত্র [ছবি সম্বলিত ডাউনলোডকৃত] ব্যতীত কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী বিজ্ঞপ্তির ১ (এক) কপি।

২৯.৬.২০২১

জান্নাতুল ফেরদৌস
পরিচালক (উপসচিব)

সচিব
রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রশাসন-৫ শাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০০৭.২১- ৬৬ তারিখঃ ১৩.০৬.২০২১

বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন-২০২১ অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মন্ত্রি পরিষদের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন-২০২১, জুলাই-২০২১ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ১৩ জুন, ২০২১ তারিখ দুপুর ১২:০০ টা থেকে **০৪ জুলাই, ২০২১** তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী **১৮ জুলাই, ২০২১** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। **উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [হার্ড কপি] কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে।** উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

বিশেষ দ্রষ্টব্যঃ যে সকল **কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই** সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের **কপি আবেদনপত্র [হার্ডকপি]** এর সাথে সংযুক্ত করতে হবে । অন্যথায় আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।

২. অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত আবেদনপত্র [হার্ড কপি] প্রেরণ করা হলে বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র [হার্ড কপি] বাতিল বলে গণ্য হবে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল করে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ
প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd ওপেন করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবে: Application for departmental examination ⇨ cadre/Non Cadre ⇨ Session June/2021 ⇨ Cadre/Non Cadre Name ⇨ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সূক্ষভাবে অনুসরণ করে Form পূরন করতে হবে। এ জন্য **পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০X৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০X ৮০ পিক্সেলস (pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে}** প্রয়োজন হবে।

৪. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে e-mail:dept_support@bpsc.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৩.৬.২০২১
জান্নাতুল ফেরদৌস